**BENGALI (H-DSE) - 6th SEMESTER**

**Class-1**

**Topics- "প্রথম পার্থ" কাব্যনাট্যের কর্ণ চরিত্র বিশ্লেষণ।**

- **"কর্ণ -কুন্তী সংবাদ " নাট্যকাব্যের কর্ণ চরিত্রের সঙ্গে "প্রথম পার্থ " কাব্যনাট্যের কর্ণ চরিত্রের তুলনামূলক বিশ্লেষণ।**

➢ "মহাভারত "এর একটি গুরুত্বপূর্ণ চরিত্র কর্ণ।সৎ, দানবীর, কুন্তীর প্রথম সন্তান। আপেক্ষিক ভাবে যার উপর নির্ভর করেছিল কৌরব পাণ্ডবদের কুরুক্ষেত্র যুদ্ধের প্রকৃত অবস্থান।

➢ মহাভারতের এই ঘটনাকে কেন্দ্র করে নানা সাহিত্যিক তাঁর জীবন দর্শন ও অসাধারণ শক্তিতে কাহিনিতে দিয়েছেন নবতম বিশ্লেষণ। যেমন-রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য নাট্যকাব্য "কর্ণ -কুন্তী সংবাদ "ও বুদ্ধদেব বসু রচিত " প্রথম পার্থ "।

➢ রবীন্দ্রনাথ ঠাকুর যেখানে পৌরাণিক ঐতিহ্য মেনে কর্ণকে উচ্চতর আদর্শে এক প্রকৃত বীর রূপে এঁকেছেন। সেখানে বুদ্ধদেব বসুর কর্ণ চরিত্র প্রচলিত মিথ ভেঙে প্রেমিক সত্ত্বার পাশাপাশি হয়ে উঠেছেন এক ঈর্ষা পরায়ণ বীর যোদ্ধা।

➢ মাতৃ পরিচয় সহ, দ্রৌপদীকে না পাওয়ার যন্ত্রণার সংকীর্ণতা কাটিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের কর্ণ যখন উচ্চতর আদর্শে দীক্ষিত তখন বুদ্ধদেব বসুর কর্ণ প্রতিহিংসায় পাগল।যুদ্ধের পরিণতি জেনেও প্রতিহিংসায় যুদ্ধ করার প্রবণতা তাঁকে প্রকৃত অর্থে মানুষের পর্যায়ে ফেলা যায় কিনা তা পাঠক কে ভাবায়।